


“প্রেস বিজ্ঞপ্তি”

কক্সবাজারস্থ SEA-ME-WE-4 সাবমেরিন ক্যাবল এর চেন্নাই এবং সিঙ্গাপুর প্রান্তে রক্ষণাবেক্ষণ প্রসঙ্গে।

ঢাকা, ২৮ নভেম্বর, ২০২৪ খ্রিঃ বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছে যে, আগামী ০২/১২/২০২৪ খ্রিঃ সোমবার রাত ০৩:০০ ঘটিকা (০১/১২/২০২৪ খ্রিঃ তারিখ দিবাগত রাত ৩:০০ ঘটিকা) থেকে ভোর ০৫:৫৯ ঘটিকা পর্যন্ত মোট ২ ঘন্টা ৫৯ মিনিট কক্সবাজারে স্থাপিত দেশের প্রথম সাবমেরিন ক্যাবল সিস্টেমের (SMW4) চেন্নাই প্রান্তে চেন্নাই ল্যান্ডিং স্টেশনের নিকট এবং সিঙ্গাপুর প্রান্তে টুয়াস ল্যান্ডিং স্টেশনের নিকট কনসোর্টিয়াম কর্তৃক ক্যাবলের ত্রুটি নিরসনের লক্ষ্যে রক্ষণাবেক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত সময়ে SMW4 এর মাধ্যমে কক্সবাজার থেকে চেন্নাই রুটে এবং সিঙ্গাপুর রুটে যুক্ত সার্কিটগুলোর মাধ্যমে সেবা সাময়িকভাবে ব্যাহত হবে।

সম্মানিত গ্রাহকগণের সাময়িক অসুবিধার জন্য বিএসসিপিএলসি কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে।


২৮/১২/২০২৪
(সাইদুর রহমান)

মহাব্যবস্থাপক (চালনা ও রক্ষণাবেক্ষণ)
বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)
ফোন (অফিস): +৮৮০২২২৬৬০৩৩১৪
Email: gm.onm@bscplc.gov.bd

বিঃদ্রঃ উপরোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি ০১/১২/২০২৪ খ্রি. তারিখে আপনার পত্রিকায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।